



অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের দুই দিনের রাজ্য সম্মেলনে বালুরঘাটে আগত প্রতিনিধিদের মিছিল।

অন্তরঙ্গ পীযুষ

নিজস্ব প্রতিনিধি :- অনুষ্ঠিত হল সাহিত্য পত্রিকা 'উত্তরভাষা'র বহুপ্রতিষ্ঠার অনুষ্ঠান 'অন্তরঙ্গ পীযুষ'। কথাকার পীযুষ ভট্টাচার্যের ৭১-এ পা কে সামনে রেখে 'উত্তরভাষা' পত্রিকা পীযুষ চর্চার এই অনুষ্ঠানের আয়োজন করে। একটি সাহিত্য অনুষ্ঠান কিন্তু অপূর্ব মঞ্চ পরিকল্পনা, আলোক সম্পাতে অনুষ্ঠানটি বহুমাত্রিক হয়ে ওঠে। উত্তরভাষার পাঠক গোষ্ঠীর স্বতঃস্ফূর্ত অংশ গ্রহণে তিনঘণ্টার এই অনুষ্ঠানে বালুরঘাট শহরের শিল্প সংস্কৃতি মহল আলোড়িত হয়েছে।

আবহে ভেসে আসছিল পীযুষ ভট্টাচার্যের স্বরচিত কবিতা পাঠ। দর্শক শ্রোতার এই আবহের মধ্যেই একে একে স্থান গ্রহণ করছিলেন। যখন হল পুরো স্তব্ধ সে সময় শুরু হয় শুভম ভট্টাচার্যের কণ্ঠে মৌসুমী ভৌমিকের গান 'আমি শুনেছি সেদিন তুমি'। এই মাদকতার মধ্যেই শুরু হয় নিরুপম ভাদুরী নির্দেশিত পীযুষ ভট্টাচার্যের সাহিত্য ও জীবনের উপর নির্মিত ডকুমেন্টারী ফিল্ম। পীযুষ ভট্টাচার্যের সাহিত্যের উপর চর্চা করেন সেন্ট জেভিয়ার্স বিশ্ব বিদ্যালয়ের অধ্যাপক শ্রী রাজীব চৌধুরী ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্রী বরেন্দ্র মন্ডল। দেখান হয় পীযুষ ভট্টাচার্যের গল্প অবলম্বনে সর্ট ফিল্ম- 'নদী পুড়ে যাচ্ছে' ও 'ভাসান'। 'উত্তরভাষা' পত্রিকার বিশেষ সংখ্যা 'অন্তরঙ্গ পীযুষ' সম্পাদক কৌশিকরঞ্জন খাঁ তুলেদেন লেখক পীযুষ ভট্টাচার্যের হাতে শ্রদ্ধার্ঘ হিসেবে। তাঁর সম্পাদকীয় বক্তব্যে কৌশিক বলেন- 'এই সময়েও একজন লেখককে নিয়ে যেতে উঠতে বালুরঘাটই পারে পীযুষ ভট্টাচার্য পুরাণের রস সিদ্ধিত জলপাটি তাঁর লেখার মাধ্যমে ক্রমশ মূল্যবোধহীনতায় ভুগতে থাকা এই সমাজের কপালে রাখতে চাইছেন, আমরা সেই গুরুত্ব গ্রহণ করছি। পীযুষ চর্চা আসলে নিজেদের মূল্যবোধ ও মননের চর্চা করা।'

পীযুষ ভট্টাচার্যের আত্মকথনের মধ্যে দিয়ে অনুষ্ঠানটি সমাপ্ত হয়।

চিঠিপত্র

আমার আপনার কণ্ঠের উপার্জিত অর্থের অপচয়

বালুরঘাট শহরকে সৌন্দর্যায়ন করার লক্ষ্যে এবং পথচারীদের চলার সুবিধার্থে ২০১৬ সালের বিধানসভা ভোটের প্রাক্কালে লক্ষ লক্ষ টাকা ব্যয় করে —

১) পৌর বাসস্ট্যান্ডে একটি ফুট ব্রিজ তৈরী করা হলো, অথচ সেই ব্রিজ দিয়ে ৫ শতাংশও পথচারী ব্যবহার করছে না বা ব্যবহার করতে চাইছে না। শহরকে সৌন্দর্য করা বা পথচারীদের পথ চলার ক্ষেত্রে যদি মঙ্গলপুর ব্রিজ হইতে আশুতোষ বালিকা বিদ্যালয়ের কাছাকাছি এবং বালুরঘাট পুলিশ স্টেশন হইতে কালেকটরী বিল্ডিং থেকে বালুরঘাট গার্লস স্কুল অবধি ফুট ব্রিজ করা যায়, তাহলে শহরের সৌন্দর্য বজায় থাকে বা পথচারীদের পথ চলা সুবিধা হয়।

আমি বালুরঘাটের সাংসদ এবং পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় পূর্তমন্ত্রী, বালুরঘাটের বিধায়ক ও পৌরসভার চেয়ারম্যানকে আবেদন করছি যে, আগামী দিনে শহরকে সৌন্দর্য এবং পথচারীদের কথা বিবেচনা করবেন।

২) শহরের নাগরিকদের পথ চলার সুবিধার্থে বিধানসভা ভোটের প্রাক্কালে চক্ৰবানী কালীবাড়ী হইতে নতুন নামাঙ্কিত 'আন্দোলন সেতু' হয়ে ডানলপ মোড় থেকে বিশ্বাসপাড়া মোড় অবধি রাস্তা চওড়া করে ফুটপাথ তৈরী করা হলো, অথচ ফুটব্রিজ এরমত একই অবস্থা হয়ে রইল। কারণ ফুচপাথ দিয়েও শহরের ১০ শতাংশ পথচারীরা ব্যবহার করছে না, করতে চাইছে না বা করতে পারছে না। কিন্তু কেন? আমার মনে হয় ফুটপাথগুলো আর সামান্য চওড়া করলে পথচারীদের পথ চলার ক্ষেত্রে সুবিধা ছাড়া অসুবিধা হতো না।

অন্তরঙ্গ পীযুষ

ফল্পুর প্রতিবেদন : ৩ ডিসেম্বর
শনিবার সন্ধ্যায় বালুরঘাট মন্মথমাধে
'উত্তর ভাষা' সাহিত্য পত্রিকা গোষ্ঠীর
পরিচালনায় লেখক পীযুষ ভট্টাচার্যের
৭১তম জন্মদিবস উপলক্ষে সাংস্কৃতিক
অনুষ্ঠানের আয়োজন করা হয়।
অনুষ্ঠানের শুরুতে শুভম ভট্টাচার্য
সঙ্গীত পরিবেশন করেন। পীযুষ
ভট্টাচার্যের সাহিত্য চর্চা নিয়ে বিস্তারিত
আলোচনা করেন সেন্ট জেভিয়ার্স
বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রাজীব
চৌধুরী ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের
অধ্যাপক বরেন্দ্র মন্ডল। ব্রতীন
সরকার তার নিজের আঁকা ছবি পীযুষ
ভট্টাচার্যকে উপহার দেন। 'উত্তর

ভাষা'-র পক্ষ থেকে সম্পাদক কৌশিক
রঞ্জন খাঁর উপস্থিতিতে পীযুষ
ভট্টাচার্যের উপরে বিশেষ সংখ্যা প্রকাশ
করা হয়। পীযুষ ভট্টাচার্যের নতুন গল্প
সংকলন 'জলের বর্গক্ষেত্র' প্রকাশ
করেন দুর্গা প্রসাদ মুখোপাধ্যায়। পীযুষ
ভট্টাচার্যের নাটনি ঐন্দ্রিলা ভট্টাচার্য
পীযুষ ভট্টাচার্যের সম্পর্কে সংক্ষিপ্ত
বক্তব্য রাখেন। পীযুষ ভট্টাচার্যের গল্প
অবলম্বনে শুভদীপ চৌধুরীর
পরিচালনায় 'নদী পুড়ে যাচ্ছে' এবং
শুভেন্দু বস্ট্রীর পরিচালনায় স্ট ফিল্ম
'ভাসান' পরিবেশিত হয়। অনুষ্ঠানে
জয় ভাদুড়ীর পরিচালনায় ডকুমেন্টারি
ফিল্ম 'অন্তরঙ্গ পীযুষ' পরিবেশিত হয়।

বালুরঘাট ছন্দম নিবেদিত

৩৬তম বাৎসরিক নৃত্যানুষ্ঠান 'পরিক্রমা'
শুক্রবার, ২৩ ডিসেম্বর, সন্ধ্যা ৫-৪৫ মিনিটে বালুরঘাট নাট্যমন্দিরে
নিবেদনে গুরু সন্দীপ মল্লিক, সুরশ্রী ভট্টাচার্য ও সংস্থার ছাত্রছাত্রীরা
• আমন্ত্রণলিপি সংগ্রহ করণ •

রাজ্য কো-অর্ডিনেশন (প্রথম পাতার পর)

করেন। কেন্দ্রীয় সরকারের কাছে . অপচেষ্টা বাতিল করে ট্রেড ইউনিয়ন
দাবীগুলোর মধ্যে দ্রব্যমূল্যের বৃদ্ধি
অধিকার অক্ষুণ্ন রাখতে হবে, রাজ্য
রোধে সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করতে
স্বরের দাবী দাওয়া নিয়ে জোরালো